শেখ হাসিনার উদ্যোগ

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি
কানাইপুর, ফরিদপুর।
Email: faridpur_pbs@hotmail.com

স্মারক নং-২৭.১২.২৯৪৭.৫৪৭. ০২.০০৮.২২. ২৫৭৫

তারিখঃ- ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
২৯ মে, ২০২২ খ্রিস্টাব্দ।

"আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো- ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/-টাকাসহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি।	**১। বয়স সীমাঃ-** প্রার্থীর বয়সসীমা সর্ব্বোচ ৫২ বছর (১৬/০৬/২০২২ খ্রিঃ তারিখ)। তবে সর্বোচ্চ ৩ টি চুক্তি (৩+৩+৩) ৯ বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন। **২। অভিজ্ঞতাঃ-** আগ্রহী প্রার্থী মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ৩ (তিন) বছর/ ৬ (ছয়) বছর/ ৯(নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। **৩। অন্যান্য যোগ্যতাঃ-** ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্থ, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্ম মূল্যায়ন করা হবে। ঘ) কর্মমূল্যায়ন সন্তোষজনক হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে নূন্যতম ০১/০২ (এক/দুই) টি কর্ম দিবস বিরতি দিয়ে একই সমিতিতে ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অত:পর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৩ টি চুক্তি (৩+৩+৩) ০৯ (নয়) বছর কর্মকাল বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

শর্তাবলীঃ-

১। আবেদন পত্র পূরণ ও জমাদানঃ ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (www.pbs.faridpur.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২ ভার্সন-০১) A-4 সাইজ কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরন করে আগামী ১৬/০৬/২০২২খ্রিঃ তারিখের মধ্যে জেনারেল ম্যানেজার, ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবেঃ

ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি।
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
গ) জাতীয় পরিচয় পত্র এর সত্যায়িত অনুলিপি।
ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
ঙ) ছবিসহ সকল কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নাম ও পদবী সম্বলিত সীল) হতে হবে।
চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতার সনদপত্র" যা এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

(অঃ পৃঃ দ্রঃ)

অন্যান্য শর্তাবলীঃ

ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকুলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরৎ দেওয়া হবে।

খ) জেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ-১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

গ) বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.০১৯.৫০৩.২০.৬৭১ তারিখ- ১২/০৩/২০২০খ্রিঃ মোতাবেক বেতন নির্ধারণ পূর্বক নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।

ঘ) বাপবিবোর্ডের পবিস মানব সম্পদ পরিদপ্তর এর স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৫.০১৫.২১.১৫৪২, তারিখ- ২৭/০৬/২০২১খ্রিঃ অনুযায়ী মেয়াদ শেষে সার্ভিস বেনিফিট প্রদান করা হবে।

ঙ) অভিজ্ঞতা সনদ পত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখপূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ করতে হবে।

চ) ইতোপূর্বে যারা অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

ছ) অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী/বোর্ড পরিচালক/মহিলা বোর্ড পরিচালকগণের রক্তসম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী-স্ত্রীগণের রক্তসম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

জ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা মেয়াদ উত্তীর্নের পূর্বেই স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত আদেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

ঝ) দুই বা তার অধিক সহোদরের যেকোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তি বাতিল করা হবে।

ঞ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে চুক্তি বাতিলসহ তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ট) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ঠ) ফরিদপুর জেলার প্রার্থীগণের উল্লেখিত পদে আবেদন করার প্রয়োজন নেই। এছাড়াও অত্র পবিসের ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দাদেরও আবেদন করার প্রয়োজন নেই।

ড) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

ঢ) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে চুক্তি বাতিল করা হবে।

ণ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ে জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

ত) খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

থ) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাঃ/

(মোঃ আবুল হাসান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
৩। পরিচালক, পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ফরিদপুর।
৭। পুলিশ সুপার, ফরিদপুর।
৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ....পবিস-১/২/৩/৪।
৯। ডিজিএম,নগরকান্দা/বোয়ালমারী/মধুখালী জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরি, ফরিদপুর পবিস।
১০। অফিসার ইনচার্জ, সদরপুর/আলফাডাঙ্গা/পুলিয়া/সালথা/চরভদ্রাসন সাব জোনাল অফিস।
১১। এজিএম, (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/আইটি), ফরিদপুর পবিস।
১২। নোটিশ বোর্ড/ওয়েবসাইট, ফরিদপুর পবিস।
১৩। অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ আবুল হাসান)
জেনারেল ম্যানেজার